

# যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১১:২৫ এএম

শিক্ষাঙ্গন

## শতভাগ পাশের প্রতিষ্ঠানও কমেছে



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ০১:২৪ পিএম



সংগৃহীত ছবি

২০২৫ সালে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষার ফলে পাশের হারে রীতিমতো ধস নেমেছে। ১১টি শিক্ষা বোর্ডে গড়ে পাশ করেছেন ৫৮.৮৩ শতাংশ শিক্ষার্থী। শতভাগ পাশ করা শিক্ষাপ্রতিষ্ঠানও কমেছে।

এবার সারাদেশের মোট নয় হাজার ৩০২টি শিক্ষাপ্রতিষ্ঠান পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে মাত্র ৩৪৫টি প্রতিষ্ঠান পেয়েছে শতভাগ পাশ। গত বছর এক হাজার ৩৮৮টি প্রতিষ্ঠানের এই কৃতিত্ব ছিল। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকাল ১০টায় প্রকাশিত এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফলে এ তথ্য জানা যায়।

**এইচএসসিতে পাশ ও জিপিএ ৫ কম কেন, যা বললেন শিক্ষা উপদেষ্টা**

এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয় গত ২৬ জুন। শেষ হয় ১৯ আগস্ট। এবারের পরীক্ষায় অংশ নেন ১২ লাখ ৩৫ হাজার ৬৬১ জন শিক্ষার্থী। মোট পরীক্ষার্থীর ৪১ দশমিক ১৭ শতাংশই ফেল করেছেন।

২০২৫ সালে জিপিএ-৫ পেয়েছেন ৬৯ হাজার ৯৭ জন শিক্ষার্থী। গত বছর অর্থাৎ ২০২৪ সালে জিপিএ-৫ পেয়েছিলেন এক লাখ ৪৫ হাজার ৯১১ জন। সে হিসাবে এবার জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা কমেছে ৭৬ হাজার ৮১৪ জন। প্রায় অর্ধেকের মতো কম।